34

দৈনিক ইনকিলাব

তারিখ ... 15 JUL 1997 ...
পৃষ্ঠা .. ৩ কলাম .. ১ ......

# খুলনা বিশ্ববিদ্যালয়ে অধিক সংখ্যায় নেপালী ছাত্র-ছাত্রী ভর্তির আগ্রহ প্রকাশ

খুলনা ব্যুরো ঃ নেপালের ত্রিভুবন ও কাঠমুন্ডু বিশ্ববিদ্যালয়ের সাথে খুলনা বিশ্ববিদ্যালয়ের যৌথ শিক্ষা গবেষণা সম্পর্কিত লিংক প্রোগ্রাম স্থাপনের বিষয়ে ঐকমত্য হয়েছে। একই সাথে খুলনা বিশ্ববিদ্যালয়ে আরও অধিক সংখ্যায় নেপালী ছাত্র-ছাত্রী ভর্তির আগ্রহ প্রকাশ করা হয়েছে।

ঢাকায় অবস্থিত নেপালী রাষ্ট্রদূতের বাসভবনে গতকাল রাষ্ট্রদূত বীরেন্দ্র বাহাদুর ও খুলনা বিশ্ববিদ্যালয়ের মধ্যে অনুষ্ঠিত দ্বিপক্ষীয় স্বার্থ-সংশ্লিষ্ট মতবিনিময় সভায় নেপালী রাষ্ট্রদূত এই আগ্রহ ব্যক্ত করেন। তিনি বলেন, খুলনা বিশ্ববিদ্যালয়ের যুগোপযোগী প্রয়োগমুখী শিক্ষা বিষয় এবং সেশন জট, সন্ত্রাস ও রাজনীতিমুক্ত ক্যাম্পাসে শিক্ষার শান্তিপূর্ণ ও সুষ্ঠু পরিবেশ থাকায় নেপাল অধিকহারে ছাত্র-ছাত্রী পাঠাতে আগ্রহী।

ভিসি নেপালের এই আগ্রহে ধন্যবাদ জ্ঞাপন করে বলেন, অবকাঠামোগত সীমিত সুবিধা সত্ত্বেও নেপালী ছাত্র-ছাত্রীদের ভর্তির বিষয়টি বিবেচনা করা হবে।